বসন্তপ্রভাতে এক মালতীর ফুল
প্রথম মেলিল আঁখি তার,   চাহিয়া দেখিল চারি ধার ।।
উষারানী দাঁড়াইয়া শিয়রে তাহার
দেখিছে ফুলের ঘুম-ভাঙা ।  হরষে কপোল তার রাঙা ।।
মধুকর গান গেয়ে বলে,  'মধু কই । মধু দাও দাও ।'
হরষে হৃদয় ফেটে গিয়ে  ফুল বলে, 'এই লও লও ।'
বায়ু আসি কহে কানে কানে,  'ফুলবালা, পরিমল দাও ।'
আনন্দে কাঁদিয়া কহে ফুল,  'যাহা আছে সব লয়ে যাও ।'
হরষ ধরে না তার চিতে,  আপনারে চাহে বিলাইতে,
বালিকা আনন্দে কুটি-কুটি  পাতায় পাতায় পড়ে লুটি ।।

---

Parjaay: Natya-geeti, Taal: Jhaptaal, Raag: Mishra Goursarang
Visit www.geetabitan.com for notation and other detail